

সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৮৩৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮৩৬]

পর্ব-১০: ইমামাত প্রসঙ্গ (كِتَابُ الْإِمَامَةِ)

পরিচ্ছেদঃ ৪১: ইমাম ও মুক্তাদীর নিয়্যাতের ভিন্নতা

اختلاف نية الإمام والمأموم

আরবী

أَخْبُرَنَا مُحَمَّدُ بْنُ مَنْصُورِ قال: حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ عَمْرِو، قال: سَمِعْتُ جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ يَقُولُ: كَانَ مُعَاذٌ يُصلِّي مَعَ النَّبِيِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، ثُمَّ يَرْجِعُ إِلَى قَوْمِهِ يَوُمُّهُمْ فَأَخَّرَ ذَاتَ لَيْلَةٍ الصَّلَاةَ وَصَلَّى مَعَ النَّبِيِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، ثُمَّ رَجَعَ إِلَى قَوْمِهِ فَأَخَّرُ ذَاتَ لَيْلَةٍ الصَّلَاةَ وَصَلَّى مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، ثُمَّ خَرَجَ فَقَالُوا: يَوُمُّهُمْ فَقَرَأً سُورَةَ الْبَقَرَةِ فَلَمَّا سَمِعَ رَجُلُ مِنَ الْقَوْمِ تَأَخَّرَ فَصَلَّى، ثُمَّ خَرَجَ فَقَالُوا: يَا نَفَقْتُ وَلَاتِينَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالُوا: يَا رَسُولَ اللَّهِ إِنَّ مُعَاذًا يُصَلِّي مَعَكَ، ثُمَّ يَأْتِينَا فَيَوْمُنَا النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ إِنَّ مُعَاذًا يُصَلِّي مَعَكَ، ثُمَّ يَأْتِينَا فَيَوْمُنَا النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ إِنَّ مُعَاذًا يُصلِّي مَعَكَ، ثُمَّ يَأْتِينَا فَيَوْمُنَا وَإِنَّكَ أَخَرْتَ الصَّلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ إِنَّ مُعَاذًا يُصلِي مَعَكَ، ثُمَّ يَأْتِينَا فَيَوْمُنَا وَإِنَّكَ أَخَرْتَ الصَّلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ لَهُ النَّبِيُّ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : يَا مُعَاذُ أَقَتَانٌ أَنْتَ اقْرَأُ بِسُورَةِ كَذَا وَسُورَةِ كَذَا وَسُورَةِ كَذَا وَسُورَةِ كَذَا .

تخريج دارالدعوه: صحيح مسلم/الصلاة ٣٦ (٣٦٥)، سنن ابي داود/الصلاة ٦٨ (٦٠٠)، ١٢٧ (٧٩٠)، (تحفة الأشراف: ٢٥٣٣) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 836 _ صحيح

বাংলা

৮৩৫. মুহাম্মাদ ইবনু মানসূর (রহ.) 'আমর (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আমি জাবির ইবনু 'আবদুল্লাহ (রাঃ)-কে বলতে শুনেছি যে, মু'আয (রাঃ) রাসূলুল্লাহ (সা.) -এর সাথে সালাত আদায় করে তারপর স্বীয় সম্প্রদায়ের নিকট ফিরে এসে তাদের ইমাম হয়ে সালাত আদায় করতেন। একদা নবী (সা.) -এর সাথে তিনি



বিলম্বে সালাত আদায় করে তার সম্প্রদায়ের নিকট ফিরে এসে সালাত আদায় করেন এবং সূরাহ বাকারাহ পাঠ করলেন। সম্প্রদায়ের এক ব্যক্তি এমন কিরাআত শুনে সালাত থেকে সরে পড়ল এবং একা একা সালাত আদায় করে বেরিয়ে পড়ল। লোকেরা তাকে বললেন, হে অমুক! তুমি কি মুনাফিক হয়ে গেছ? সে বলল, আল্লাহর কসম, আমি মুনাফিক হইনি। আমি নিশ্চয় রাসূলুল্লাহ (সা.) -এর নিকট গিয়ে তাঁকে বিষয়টি বলব। তারপর সে রাসূলুল্লাহ (সা.) -এর নিকট গিয়ে বলল, হে আল্লাহর রসূল! মু'আয আপনার সঙ্গে সালাত আদায় করেন। আপনি গত রাতে 'ইশার সালাত আদায় করতে বিলম্ব করেন। তিনি আপনার সঙ্গে সালাত আদায় করার পর আমাদের ইমামতি করতে যান এবং তিনি সূরাহ বাকারাহ আরম্ভ করে দেন। আমি তা শুনে পিছনে হটে যাই এবং একাকী সালাত আদায় করি। আমরা উটের রাখাল, আমরা নিজ হাতে কাজ করি। তখন নবী (সা.) বললেন, হে মু'আয়! তুমি কি (লোকেদের) ফিতনাহ ও কষ্টে ফেলতে চাও? তুমি ঐ ঐ সূরাহ্ পাঠ কর।

English

41. Difference In Intention Between The Imam And The One Following Him

It was narrated that 'Amr said: I heard Jabir bin 'Abdullah say: 'Mu'adh used to pray with the Prophet (*) then he would go back to his people to lead them in a prayer. He stayed late one night and prayed with the Prophet (*) then he went back to his people to lead them in prayer, and he recited Surat Al-Baqarah. When a man from his people heard that, he stepped aside and prayed (on his own), then he left. They said: 'You have become a hypocrite, 0 so and-so!' He said: 'By Allah, I have not become a hypocrite, and I will go to the Prophet (*) and tell him (about that),' So he went to the Prophet and said: 'O Messenger of Allah(*), Muadh prays with you, then he comes to lead us in prayer. You delayed the prayer, and he prayed with you then he came back to lead us in prayer, and he started to recite Shut Al-Baqarah. When I heard that, I stepped aside and prayed by myself, because we are people who bring water with the camels and we work hard.' The Prophet (*) said to him: 'O Muadh, do you want to cause hardship to the people? Recite such and such a Surah, and such and such a Surah. '

ফুটনোট

সহীহ: মুসলিম ৪৬৫, আবু দাউদ ৭৯০, মুসনাদে আহমাদ ১২৪৬, সহীহ ইবনু খুযায়মাহ ৫২১। দ্রিঃ ৮৩১]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন